

প্রবাসীদের জন্য রেমিট্যান্স কার্ড, সন্তানদের জন্য বৃত্তি ও বিশেষ ভর্তি সুবিধা.

বাংলাদেশ মেহেদী ৥ প্রবাসী বাংলাদেশীদের বিশেষ রেমিট্যান্স কার্ড দেয়া হচ্ছে। এছাড়া প্রবাসীদের সন্তানদের লেখাপড়ার জন্য বৃত্তি এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ভর্তির জন্য কোটা সুবিধার ব্যবস্থা করা হচ্ছে। প্রবাসী ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সূত্রে এ তথ্য পাওয়া গেছে।

কার্ড #: ৭: ১১ কঃ ৬

কার্ড : রেমিট্যান্স
(১ম পৃষ্ঠার পর)

সূত্র জানায়, এ মাসেই প্রবাসীদের রেমিট্যান্স কার্ড দেয়ার বিষয়টি চূড়ান্ত হওয়ার সম্ভাবনা আছে। যেসব প্রবাসী নিয়মিত দেশে অর্থ প্রেরণ করেন তাদের এ কার্ড দেয়া হবে। এ কার্ডের মেয়াদ হবে ১ বছর। এ কার্ডের মাধ্যমে অর্থ প্রেরণের বিমানবন্দর এবং সরকারি দপ্তরগুলোতে কার্ডধারীরা বিশেষ সুবিধা পাবেন।

সূত্র আরও জানায়, প্রবাসীদের সন্তানদের বৃত্তির ব্যবস্থা করা হচ্ছে। পুলাপাশি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে তাদের জন্য বিশেষ কোটা বরাদ্দের ব্যবস্থা নেয়া হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে যৌথ সিদ্ধান্ত সাপেক্ষে স্বল্প সময়ের মধ্যেই বিষয়টি চূড়ান্ত করা হবে।

এ ব্যাপারে প্রবাসী ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী মেজর (অব.) কামরুল ইসলামের দৃষ্টি আকর্ষণ করলে তিনি এসব তথ্যের সত্যতা স্বীকার করেন।